রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ ২৭ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০১৬.১৮.০০২.২৪**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "কোল্ড স্টোরেজ" শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথাঃ—

**তফসিল "ক"**

**শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | <u>**গ্রেড-১:**</u><br>ফোরম্যান | ১৩৩০০/- | ৬৬৫০/- | ৮০০/- | ৬০০/- | ২১৩৫০/- |
| ২। | <u>**গ্রেড-২:**</u><br>১। হেড অপারেটর/চিফ অপারেটর/অপারেটর ইনচার্জ | ১২৫৭৬/- | ৬২৮৮/- | ৮০০/- | ৬০০/- | ২০২৬৪/- |


**মূল্য :** টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৩। | **<u>গ্রেড-৩:</u>**<br>১। সুপারভাইজার/ স্টোর কিপার<br>২। অপারেটর<br>৩। ইলেকট্রিশিয়ান | ১২০০০/- | ৬০০০/- | ৮০০/- | ৬০০/- | ১৯৪০০/- |
| ৪। | **<u>গ্রেড-৪:</u>**<br>১। সহকারী সুপারভাইজার/ সহকারী স্টোর কিপার<br>২। সহকারী অপারেটর<br>৩। ট্যাংকম্যান<br>৪। হেলপার | ৮৪০০/- | ৪২০০/- | ৮০০/- | ৬০০/- | ১৪০০০/- |
| ৫। | শিক্ষানবিশ শ্রমিক: | (ক) শিক্ষানবিশীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক সর্বসাকুল্যে ৯৮০০/- (নয় হাজার আটশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

**তফসিল "খ"**

**কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়ত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **<u>গ্রেড-১:</u>**<br>১। একাউন্টেন্ট/হিসাবরক্ষক | ১৩৩০০/- | ৬৬৫০/- | ৮০০/- | ৬০০/- | ২১৩৫০/- |
| ২। | **<u>গ্রেড-২:</u>**<br>১। কম্পিউটার অপারেটর<br>২। সহকারী হিসাবরক্ষক<br>৩। ক্যাশিয়ার<br>৪। কেরানী (সকল প্রকার) | ১০৪৫০/- | ৫২২৫/- | ৮০০/- | ৬০০/- | ১৭০৭৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। ঝাড়ুদার | ৭৭০০/- | ৩৮৫০/- | ৮০০/- | ৬০০/- | ১২৯৫০/- |
| ৪। | শিক্ষানবিশ কর্মচারী: | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯১০০/-(নয় হাজার একশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশকাল ০৬ (ছয়) মাস<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

**শর্তাবলি:**

১। তফসিল ক ও তফসিল খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "কোল্ড স্টোরেজ" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল ক ও তফসিল খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উল্লিখিত তফসিলে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্ত করত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল ক ও তফসিল খ এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্ন তম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালি কপক্ষ ইচ্ছা করিলে স্ব উদ্যোগে এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কো নো শ্রমিক কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও "বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির

ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায় দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষাকম মজুরিকোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার "বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১২১ ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরনভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক মজুরি প্রদান করিয়া থাকেন তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বি ভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক /কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার সুযোগ সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। উল্লিখিত তফসিলে "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫ হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৮৪০০ আট হাজার চারশত টাকা হয় তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহা র বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৮৮২০/ আট হাজার আটশত বিশ টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫ হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৮৮২০/- (আট হাজার আটশত বিশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৯২৬১/- (নয় হাজার দুইশত একষট্টি) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক /কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা , ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
যুগ্মসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) , বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd